

# শরীরের প্রান্তস্থ অংশে প্রবিষ্ট প্রধান ক্যাথেটার (পি আই সি সি)


## Peripherally Inserted Central Catheter (PICC)

### রোগীর জন্য তথ্য

### শরীরের প্রান্তস্থ অংশে প্রবিষ্ট প্রধান ক্যাথেটার (পি আই সি সি) কি?

#### What is a Peripherally Inserted Central Catheter (PICC)?

পি আই সি সি হল ছোট, নমনীয় নালী যা উপরের বাহু শিরাতে প্রবেশ করানো হয়। ভিতরের মাথাটি বুকের বড় শিরা সাধারণত সুপিরিয়র ভ্যানাক্যাভাতে প্রবেশ করানো হয়। মনে করুন এটা একটা বড় নল। শিরাতে চিকিৎসা করার সময় ছোট শিরাগুলোতে ছিদ্র রোধ করার জন্য পি আই সি সি করা হয়। হাতের সরু শিরার মধ্যে দিয়ে দেওয়ার তুলনায় যদি খেরাপি অতিরিক্ত ঘন থাকে, তখনও এটা ঢোকানো হয়।



### শরীরের প্রান্তস্থ অংশে প্রবিষ্ট প্রধান ক্যাথেটার Peripherally Inserted Central Catheter

পি আই সি সি লাইনটা একটি বিশেষ ড্রেসিং দিয়ে এমনভাবে জায়গায় ধরে রাখা হয় যেন লাইনটা নড়ে না যায়। এটার উপর আরেকটা ড্রেসিং দিয়ে রাখা হয়। যদি সম্ভব হয় তবে পি আই সি সি লাইন-এর নিকটবর্তী জায়গায় হতে রক্ত চাপ মাপা বা রক্ত নেয়া হতে বিরত থাকা উচিত। যদি আপনার পি আই সি সি করা থাকে তবে **ভারী জিনিস** না তোলা উচিত।

যদি পি আই সি সি এক্সরে ডিপার্টমেন্ট ব্যতীত অন্য কোথায় যেমন ওয়ার্ড-এ করা হয় তবে তা জায়গা মতো আছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য একটি বুকের এক্সরে করে নেয়ার প্রয়োজন হতে পারে।

### পি আই সি সি-র যত্ন

#### Care of your PICC

যেকোন ব্যক্তিকে আপনার পি আই সি সি স্পর্শ করতে হলে তাদের হাত পরিষ্কার করে গ্লাভস পরে তা করা উচিত। এটি সংক্রমণ কমানোর জন্য প্রয়োজনীয়। একজন নার্স প্রতিটি শিফটে আপনার পি আই সি সি-র প্রবেশমুখ পরীক্ষা করবেন। যদি আপনার কোন প্রশ্ন বা চিন্তা থাকে তবে তা ডাক্তার বা নার্স-এর কাছে বলা উচিত। আপনি গোসল বা হাঁটার সময়ও এই যত্ন বা নালী খুলে রাখতে পারবেন না। কারণ এতে রক্ত জমাট বাধা বা সংক্রমণ-এর ঝুঁকি থাকে। যদি এটা ক্রমাগত ব্যবহার না করা হয় তবে ডাক্তার বা নার্স দ্বারা সিরিঞ্জের মাধ্যমে নালীতে সামান্য তরল ঢুকিয়ে করে তা সচল রাখতে হবে। নালীর প্রবেশমুখ সপ্তাহে অন্তত একবার ড্রেসিং করতে হবে। যদি ড্রেসিং ভিজে যায়, উঠে আসে বা অপরিষ্কার থাকে তবে তা দ্রুত বদলাতে হবে।

# শরীরের বাইরের অংশে প্রবিষ্ট প্রধান ক্যাথেটার (পি আই সি সি)

## Peripherally Inserted Central Catheter (PICC)

### পি আই সি সি সংক্রান্ত সম্ভাব্য সমস্যা

#### Possible problems with a PICC

##### সংক্রমণ

পি আই সি সি-এর ভিতরে বা প্রবেশ মুখে সংক্রমণ হওয়ার সম্ভাবনা রয়েছে।

আপনি আপনার নার্স বা ডাক্তারকে জিজ্ঞাসা করবেন, যদি:

- প্রবেশমুখ লাল হয় অথবা ফুলে যায়
- দূষিত বা বিকৃত রঙের তরল বা কষ পদার্থ প্রবেশমুখ হতে বের হতে লক্ষ্য করেন
- পি আই সি সি হতে ব্যাথা বা রক্তপাত ঘটে
- আপনি জ্বর, কাঁপুনি বা ঘাম অনুভব করেন

বিনা প্রয়োজনে পি আই সি সি-কে না ধরা বা পি আই সি সি বা তার আশেপাশে ধরলেও হাত পরিষ্কার করে ধরা অত্যন্ত জরুরী।

##### রক্তজমাট বাধা

যেহেতু পি আই সি সি রক্তনালীতে থাকে সেজন্য এতে খুব সহজে রক্তজমাট (থ্রম্বসিস) বাধা সম্ভব। যদি এটা ঘটে তবে লাইনটি খুলে ফেলার দরকার হতে পারে। কখনো কখনো ঔষধ এর মাধ্যমেও রক্তজমাট দূর করা যেতে পারে। যদি আপনার হাত, বাহু বা গলায় অস্বাভাবিক ফোলা ফোলা ভাব লক্ষ্য করেন তবে তা ডাক্তার বা নার্সকে জানানো উচিত

আমার পি আই সি সি কি খুলে পড়ে যেতে পারে ?

#### আমার পি আই সি সি কি খুলে পড়ে যেতে পারে ?

##### Will my PICC fall out?

যেহেতু পি আই সি সি অনেক লম্বা (আপনার শারীরিক গঠন অনুসারে সাধারণত প্রায় ৩৫-৫৫ সে.মি. লম্বা হয়) এবং এটা একটা বিশেষ ড্রেসিং এর মাধ্যমে ধরে রাখা হয়, তাই সাধারণত এটা খুলে পড়ে যায় না। তবে যদি অসাবধানতা বশতঃ এটা টান খায় বা টানাটানি করা হয় তবে তা জায়গা হতে সরে আসতে পারে। কখনও পি আই সি সি-এর উপর শক্তি প্রয়োগ করা যাবে না।

#### কিভাবে একটি পি আই সি সি বের করে নিয়ে আসা হয় ?

##### How is a PICC removed?

আপনার পি আই সি সি-র প্রয়োজন ফুরালে এটি বের করে নিয়ে আসা হবে। এটি একটি সাধারণ পদ্ধতি যা নার্সরাই করে থাকেন। একটা লম্বা ক্যানুলা যেভাবে বের করতে হয় অনেকটা সেভাবে বের করে আনা হয়। একটি জীবানুমুক্ত ড্রেসিং প্রবেশমুখে দিয়ে রাখতে হবে। যতদিন পর্যন্ত চামড়া না শুকায় ততদিন পর্যন্ত জায়গাটা নিয়মিত পরীক্ষা করে দেখতে হবে এবং ড্রেসিং বদলাতে হবে।

### দোভাষী সেবা

#### Interpreter Services

যদি আপনার ইংরেজী বলতে বা বুঝতে অসুবিধা হয়, তবে আপনি পেশাদার দোভাষীর সাহায্য নিতে পারেন।

দোভাষী সেবা ফ্রি এবং গোপনীয়। যদি আপনাকে কেউ প্রস্তাব নাও করে তারপরও আপনি দোভাষীর জন্য জিজ্ঞাসা করতে পারেন। স্টাফরা আপনার জন্য দোভাষী নিয়োগ করবেন। যদি আপনার দোভাষীর দরকার হয় তবে অনুবাদ এবং দোভাষী সেবায় 131 450 নাম্বারে ফোন করুন।

### অন্যান্য তথ্যাদি

#### Additional Information

প্রবেশের তারিখ:

প্রেশার ইনজেকটেবল?  হ্যাঁ  না

এই তথ্যকণিকা সেন্ট জর্জেস হাসপাতাল নিউট্রিশনাল সাপোর্ট সি এন সি কর্তৃক তৈরি করা হয়েছে। সেপ্টেম্বর ২০১৩ কনজুমার গ্রুপ কর্তৃক সংকলিত হয়েছে। মাল্টিকালচারাল হেল্থ সার্ভিস ২০১৬-এর অর্থায়নে অনুবাদ হয়েছে।